

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : DSE-A-3

[বাংলা গোয়েন্দা সাহিত্য, কল্পবিজ্ঞান আশ্রয়ী রচনা এবং অলৌকিক কাহিনি]

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'শজারুর কাঁটা' রহস্যকাহিনি হিসেবে উল্লেখযোগ্য হলেও একটি প্রেমকাহিনি হিসেবেও এটি সমান উপভোগ্য। —
মন্তব্যটির প্রেক্ষিতে 'শজারুর কাঁটা' রচনাটি বিশ্লেষণ করো। ১০
- অথবা,
- (খ) 'শজারুর কাঁটা' অবলম্বনে সত্যশ্রেয়ী ব্যোমকেশ বস্মীর যে ভূমিকা প্রকাশিত হয়েছে তা আলোচনা করো। ১০
- ২। (ক) পাঠ্য গল্পগুলি অবলম্বনে প্রফেসর শঙ্কু চরিত্রের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে বিশ্লেষণ করো। ১০
- অথবা,
- (খ) প্রফেসর শঙ্কুর গল্পগুলি রোমাঞ্চকর অভিযানের কাহিনি হিসেবেও আকর্ষক। যে-কোনো দুটি পাঠ্য গল্প অবলম্বনে বিষয়টি ব্যাখ্যা করো। ১০
- ৩। (ক) 'সব ভূতুড়ে' গল্পগ্রন্থের মধ্যে দিয়ে প্রাপ্ত লেখক লীলা মজুমদারের স্বকীয় বৈশিষ্ট্যগুলিকে উদাহরণসহ বিশ্লেষণ করো। ১০
- অথবা,
- (খ) 'সব ভূতুড়ে' গল্পগ্রন্থের গল্পগুলির সম্পদ হল মানবিক আবেদন — 'লক্ষ্মী' ও 'বাপের ভিটে' গল্প দুটি অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০
- ৪। (ক) 'শজারুর কাঁটা'-য় উল্লিখিত দীপার বাপের বাড়ির পরিবেশের পরিচয় দাও। ৫
- অথবা,
- (খ) 'শজারুর কাঁটা'-য় দীপার সঙ্গে দেবাশিসের বিবাহ ঘটনাটি কীভাবে সংঘটিত হয়েছিল? ৫
- ৫। (ক) 'শঙ্কু ও আদিম মানব' গল্পে 'আদিম মানব'-এর পরিচয় দাও। ৫
- অথবা,
- (খ) 'প্রফেসর শঙ্কু ও রোবু' গল্পে যন্ত্রের সঙ্গে মানুষের আত্মীয়তার প্রকাশ কীভাবে ঘটেছে সংক্ষেপে আলোচনা করো। ৫

Please Turn Over

৬। (ক) ‘সব ভূতুড়ে’ গল্পগ্রন্থের মধ্যে দেশপ্রেমের উল্লেখ আছে এমন দুটি গল্পের বিশ্লেষণ করো।

৫

অথবা,

(খ) ‘সব ভূতুড়ে’ গল্পগ্রন্থের মধ্যে শুধু মানুষ-ভূতের কথাই নয়, মানুষ নয় এমন ভৌতিক চরিত্রের কথাও আছে। এইরকম একটি গল্পে এইজাতীয় চরিত্রের গুরুত্বপূর্ণ উপস্থিতিকে ব্যাখ্যা করো।

৫

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

(ক) ‘শজারুর কাঁটা’-য় ব্যোমকেশ কর্তৃক আসল অপরাধীকে চিহ্নিতকরণের সূত্রগুলি

(খ) মঙ্গলগ্রহ থেকে টাফাগ্রহে পৌঁছনো ও টাফাবাসের অভিজ্ঞতা

(গ) তেপান্তরের পারের বাড়ি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) ‘শজারুর কাঁটা’ কাহিনিতে ঘটনার গতি বদলে দেওয়া চমকপ্রদ বিষয় কোনটি?

(খ) ‘শজারুর কাঁটা’ কাহিনিতে শেষ কোন ব্যক্তি আততায়ীর আক্রমণের লক্ষ্য হয়েছিল?

(গ) ‘শজারুর কাঁটা’-য় দীপাকে তার ঠাকুরদা কী নামে ডাকতেন?

(ঘ) ‘শজারুর কাঁটা’ কাহিনিতে দেবাশিসের বাবার নাম কী?

(ঙ) বিয়ের পরে দেবাশিসের বাড়িতে দীপা কোন শখ নিয়ে নিজেকে ব্যস্ত রেখেছিল?

(চ) প্রফেসর শঙ্কু কেন টেরাটম গ্রহের প্রাণীদের মুক্তি না দিয়ে তাদের ধ্বংস করেছিলেন?

(ছ) প্রফেসর শঙ্কুর কোন গল্পে ইহুদিবিশ্বেষী চরিত্রের পরিবর্তনের কথা আছে?

(জ) ‘প্রফেসর শঙ্কু ও ম্যাকাও’ গল্পের ম্যাকাওটির গুণের উল্লেখ করো।

(ঝ) প্রফেসর শঙ্কুর সঙ্গে আলেকজান্ডার ক্রাগের সাক্ষাৎ হয়েছিল কোন দেশে?

(ঞ) ‘মহাকাশের দূত’ গল্পে বহির্বিশ্বের শক্তির শেষ অভিযানে মানবসভ্যতার সঙ্কটমুক্তির যে সূত্রগুলি উপহারস্বরূপ এসেছিল তার মধ্যে যে-কোনো দুটি সূত্রের উল্লেখ করো।

(ট) কলম সরদারকে ধরতে পুলিশকে ভূত কেন সাহায্য করেছিল?

(ঠ) ভূতুড়ে সৌন্দর্য প্রতিযোগিতায় কে বিচারক হন? বিচারের ফলাফল কী হয়েছিল?

(ড) ভাগ্যদেবীর দেওয়া হাঁড়িটা আন্নাপিসির কাছ থেকে কীভাবে খোয়া যায়?

(ঢ) ‘সব ভূতুড়ে’-র মধ্যে মানুষের হাতে ভূতের জন্ম হওয়ার কথা আছে এমন একটি গল্পের নাম লেখো।

(ণ) “‘একটা ভাল বরও চাইতে পারিস না, তুই এটার যোগ্য নোস!’ এই বলে টেমিটাকে ছিনিয়ে নিয়ে অন্তর্ধান করল।” — কে এই কথা বলে ‘টেমিটাকে ছিনিয়ে নিয়ে অন্তর্ধান’ করেছিল?